

## বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধীনে আসছে এমবিবিএস, বিডিএস, বিএসসি নার্সিং, বিএসসি মেডিক্যাল টেকনোলজি কোর্সসমূহ

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধীনে আসছে এমবিবিএস, বিডিএস, বিএসসি নার্সিং, বিএসসি মেডিক্যাল টেকনোলজি কোর্সসমূহ। আজ রবিবার ২২ অক্টোবর ২০১৭ইং তারিখ, সকাল ১১টায় ডা. মিল্টন হলে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ প্রশাসনিক বডি সিন্ডিকেট-এর ৬৭তম সভার মূলতর্কী সভায় এ বিষয়ে গুরুত্বপূর্ণ আলোচনা, সিদ্ধান্ত গ্রহণ এবং সিন্ডিকেটের সকল সদস্যের সর্বস্মৃতিতে গুরুত্বপূর্ণ এ বিষয়টি অনুমোদিত হয়। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় এই সিদ্ধান্ত গ্রহণ ও অনুমোদন দেয়া হয়। এতে বলা হয়, নব প্রতিষ্ঠিত চট্টগ্রাম মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, রাজশাহী মেডিক্যাল বিশ্ববিদ্যালয় এবং প্রস্তাবিত সিলেট মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি/বেসরকারি মেডিক্যাল কলেজ/ডেন্টাল কলেজসমূহ ব্যতীত অন্যান্য সকল মেডিক্যাল কলেজ/ডেন্টাল কলেজসমূহে বিদ্যমান এমবিবিএস, বিডিএস, বিএসসি নার্সিং, বিএসসি মেডিক্যাল টেকনোলজি কোর্সসমূহ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের আওতায় অধিভুক্ত করা হবে। গুরুত্বপূর্ণ ওই সভায় মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খানসহ আরো উপস্থিত ছিলেন মাননীয় সংসদ সদস্য ডা. মোঃ রুস্তম আলী ফরাজী, সম্মানিত অতিরিক্ত সচিব সরদার আবুল কালাম, অধ্যাপক মোঃ নজরুল ইসলাম, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার, উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এ এস এম জাকারিয়া স্বপন, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, বিএমডিসি-এর সভাপতি অধ্যাপক মোহাম্মদ সহিদুল্লাহ, অধ্যাপক ডা. কাজী শহীদুল আলম, বাংলাদেশ ফেডারেল ইউনিয়ন অব জার্নালিস্ট-এর সভাপতি জনাব মঞ্জুরুল আহসান বুলবুল, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মেডিসিন অনুষদের ডীন অধ্যাপক ডা. এবিএম আব্দুল্লাহ, ডেন্টাল অনুষদের ডীন অধ্যাপক ডা. গাজী শামীম হাসান, নার্সিং অনুষদের ডীন অধ্যাপক অসীম রঞ্জন বড়ুয়া, কার্ডিওলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. সজল কৃষ্ণ ব্যানার্জী, রেজিস্ট্রার অধ্যাপক ডা. এবিএম আব্দুল হান্নান, ঢাকা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ অধ্যাপক ডা. খান আবুল কালাম আজাদ, স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ডা. মোঃ বিল্লাল আলম, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডা. ছয়েফ উদ্দিন আহমেদ, সহযোগী অধ্যাপক ডা. মোহাম্মদ হোসেন, সহকারী অধ্যাপক ডা. সাদিয়া শারমিন উপস্থিত ছিলেন। আমন্ত্রণক্রমে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সম্মানিত প্রক্টর অধ্যাপক ডা. মোঃ হাবিবুর রহমান দুলাল, পরিচালক (হাসপাতাল) ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আব্দুল্লাহ আল হারুন, পরিচালক (পরিদর্শন) অধ্যাপক ডা. আবুল খায়ের মোঃ সালেক, পরিচালক (আইকিউএসি) অধ্যাপক ডা. মোঃ শফিকুল ইসলাম, পরিচালক (অর্থ ও হিসাব) মোঃ আবদুস সোবহান, পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ ইফতেখার আলম, অতিরিক্ত পরিচালক (অর্থ, হিসাব ও অডিট) কাজী মোঃ শফিকুর রহমান।